# গীত-হার।



অর্থাৎ

নানাবিষয়ক বিশুদ্ধ সঙ্গীত।

শ্রীগঙ্গাধর চটোপাধ্যায় কর্তৃক প্রণীত ও প্রকাশিত।

#### কলিকাতা।

ব**হু**বাঞ্চার সেকরাপাড়া লেন ৪ নম্বর, বেঙ্গল স্থপীরিয়র যন্ত্রে মুদ্রিত।

> ইং ১৮৭৪। মূল্য দ০ বারো আনা। (All rights reserved.)

#### উপহার।

বঙ্গকুলপ্রদীপ শ্রীযুক্ত ডাক্তার মহেন্দ্রলাল সরকার এম, ডি, সদা স্বদেশহিতানুষ্ঠান তৎপরেয়ু ।

श्रिय वका!

বন্ধুর প্রদন্ত উপহার অতি তুচ্ছ হলেও তা প্রণয়ের অন্ধ-রোধে আদরনীয় হয—তাইতে আমি আপনাকে এই গীতহার ছড়াটি উপহার দিতে সাহসী হলেম। আমি উঁচু দরের কবি নই, বিশুদ্ধস্পতিজ্ঞও নই, তা আপনার অবিদিত নাই তবে কথাটা কি জানেন, কখন কখন সভাবের মনোহারিণা শোভা, কখন সদেশের যার পর নাই ছর্দ্দশা, আর কখন বা পরকালের ভাবনা, মনের মধ্যে রকম বিরক্ষের ঝড় তোলে,— সেই ঝড়ে ক্লা-তরুর ছুই একটা ফুল পাতা যা ছিঁছে উড়ে পড়ে তাই কুড়িয়ে কুড়িয়ে এই হার ছড়াটি গেঁথেছি—এ আমার ঝড়ো ফুলের হার! এতে গল্ধ নাই, বাহারও নাই! শুদ্ধ ভালোবাসার খাতিরে যদি গ্রহণ করেন তবেই চরিতার্থ হই।

আপনারই— গ্রাপর——

#### বিজ্ঞাপন।

সঙ্গীত প্রত্যেক মনুষ্যেরই অন্তঃকরণের পদার্থ। যেকপ প্রিয়তন বন্ধুর সহবাসে আমরা স্থথে কালাতিপাত করি, বিশুদ্ধ সঙ্গীতের আলাপেও অবিকল সেইকপ স্থথে কাল অভিবাহিত করিতে পারা যায়। সঙ্গীত ছঃখশোকাদিসন্তপ্ত হৃদয়ের এক মাত্র অবলম্বন, অতএব একপ পদার্থের প্রতি লোকের যৎপরো-নাস্তি অনুরাগ জনিবে ইহাতে আর বিচিত্র কি?

ভারতবর্ষীয়েরা অতি প্রাচীন কাল অবধি সঙ্গীতচচ্চার জন্য সমধিক প্রসিদ্ধ। আমাদের পূর্ব্বপুরুষেরা বিজ্ঞানশাস্ত্রের এই অষ্টার এতদূর উন্নতিসাধন করিয়াছেন, যে পৃথিবীর অন্য কোন দেশের অধিবাদীরাই দে কপ করিতে সমর্থ হন নাই। অধ্নাতন প্রধান সঙ্গীতবেত্তারা একপ নির্দেশ করিয়া থাকেন, যে ভারতবর্ষ হইতে সভাতার অন্যান্য অঙ্গ প্রতাঙ্গ যেকপ দেশ দেশান্তরে বিস্তৃ হওয়াতেই অন্যান্য দেশ সভ্যতার সোপানে অধিকঢ় হয়, দেইকপ ভারতবর্ষেরই मঙ্গীত লইয়া অন্যান্য দেশের সঙ্গীত শিক্ষা হইয়াছিল। কিন্তু জুর্ভাগ্যক্রমে কিছুকাল অবধি আমাদের দেশের লোকেরা সঙ্গীতের প্রতি হতাদর হইতেছেন-অশ্লীল ও অরুচিকর সঙ্গীতের প্রান্থভাবই বোদ হয় ইহার এক মাত্র কারণ। রামনিধি গুপ্ত প্রভৃতি অনে-কানেক সঙ্গীত বুচয়িতারা নানাবিধ অগ্লাল সঙ্গীতের পরিচালনা করিয়া দেশের এই মহানিষ্ট দাধন করিয়া গিয়াছেন। সম্প্রতি শ্রদ্ধাসপদ শ্রীযুক্ত ক্ষেত্রমোহন গোস্বামী, শ্রীযুক্ত শৌরীব্রুমোহন ঠাকুর প্রভৃতি কতিপয় মহানা প্রলয়োন্মুখ দঙ্গীতের পুনরু-দ্ধারসাধনার্থ বদ্ধপরিকর হইয়াছেন। ই হাদের চেষ্টায় আনাদের দেশের লোকেরা দঙ্গীতশাস্ত্রের প্রতি পুনর্বরার পূর্বের ন্যায়

অমুরাগ প্রকাশ করিতেছেন। ফলতঃ ই হাদের চেপ্তায় বোধ হয়
অবিলম্বেই আমাদের দঙ্গীত শাস্ত্র পুনর্বার স্বীয় প্রাচীন মর্যাদ।
প্রাপ্ত হইবে। এক্ষণে নানাস্থলে দঙ্গীতশিক্ষার্থে স্কুল সংস্থাপিত
হইয়াছে। কিন্তু দেশীয় ভাষায় বিশুদ্ধ ও রুচিকর গানের অভাবে
উল্লিখিত মহাগ্রাদিগের চেপ্তা ততদূর ফলোপধায়ক হইতেছে
বলিয়া বোধ হয় না।

আমি এই অভাবনিরাকরণার্থ নানাবিধ গুরু ও লঘু বিষয় অবলম্বনপূর্বাক বিশুদ্ধ বঙ্গভাষায় কতকগুলি গান প্রণয়ন করিয়া প্রকাশ করিলাম। ঈশ্বরতব্ব, সামাজিক বিষয়, বিজ্ঞানঘটিত উপদেশ প্রভৃতি সকল প্রকার বিষয়েই আমি সঙ্গীত প্রণয়ন করিয়াছি। আমার একপ করিবার উদ্দেশ্য এই যে আদিরসভিন্ন সঙ্গীতের প্রকৃত উপজীব্য আর নাই লোকের ইত্যাকার যে একটা কুসংস্কার আছে, সেইটা দূরীভূত হয়। এক্ষণে ইহাদ্বারা সঙ্গীতশিক্ষার স্থবিধা, লোকের রুচিপরিবর্ত্তন প্রভৃতির পক্ষে কিঞ্জিৎমাত্র সাহায্য হইলেও আমি সমুদ্য শ্রম সফল মনে করিব।

পরিশেষে বক্তব্য আমার পরমান্নীয় এযুক্ত বাবু নৃসিংহচক্র মুখোপাধ্যায় এম্, এ, যথোচিত পরিশ্রম স্বীকারপূর্ব্বক ইহার আদ্যোপান্ত সংশোধন করিয়া দিয়াছেন, এজন্য আমি ভাঁহার নিক্ট ক্লভক্ততাপাশে বন্ধ রহিলাম ইতি।

কলিকাতা বহুবাজার.) ইং ১৮৭৪ সাল। শ্রীগঙ্গাধর শর্মাণঃ--

# স্থীচপত্র।

বিষ	য়ে ।					P	ष्ठि	1
প্রভাত		•••	• • •	• • •	•••	•••	5	
<b>ম</b> ধ্যাহ্ন					•••	•	२	
<b>স</b> ক্যা	•••	• • •	• • •		•••		o	
<u>त्र</u> जनी							8	
*ারং	• • •		•••	•••	• • •	•••	a	
হেমন্ত	• • •	•••	• • •				Š	
শীত			• • •	•••		٠.	Ŋ	
বসভ্					•••		负	
ত্রীষ্		•••	• • •	•••			9	
বৰ্য:	·		•••		•	• • •	Ь	
অধীম	বিশ্র:জ্যা	विषयक ि	ন্ত্ৰ	•••		• • •	۵	
হিন্দুমে	লা		• • •		G.		٥ (	
হিডোর	রক্ষার	অধিপতি	প্রতাপ র	ায়ের রোট	नग		>>	
প্রক্ষার্থ	উপাৰ্জন	न ऋस्भित	<b>সিগণের</b>	প্রতি উণি	જ <sup>ે</sup>	:	5.3	
ডা জার	মহেন্দ্রলা	न मत्कार	রের প্রস্তা	বিভ বিজ	নসভা	:	28	
ফাদার।	नारकी	•••				;	20	
ভিছিং	•••		•••	•••	• • •	•••	Ď.	
প্রোকে	দর পাল্ফি	गति	••	•••	•••	:	:9	
শার জঃ	र्क कारियन	ৰ সাহেবে	র আক্রমণ	्ट्हेर इ डि	চ্চশিক্ষা র	<b>亦</b>		
করি	বার উপা	य	•••		• · ·	\$	<b>b</b>	
প্রোফে	দর ফদেট্		•••			}	הי	
বীবত উ	देश ईक्टरन	। ८५ छे. य	দেশবাসী	দরোর প্রবি	र देखि	>	3 5	

वियग्न ।					পৃষ্ঠা
ফেও অব ইণ্ডি	য়ার সম্পা	কে মেষ্টর	জেম্দ ৰ	টেলেজ	٠ ءَ٢
মহারাণী স্বর্ণময়	गै	•••	••	•••	२२
পিতৃ মাতৃ সন্তে	াষার্থে শ্রীযু	ক্ত বাবু বি	হারিলাল	া গুপ্তের f	<b>वि</b> न्छ
পরিণয়	•••	•••		•••	२७
হिन्छ् मङ्गी ७	•••	•••	•••	•••	२8
রাজা যতীক্র স		<u>বাহাছুর</u>	• • •	•••	२৫
প্রেম	• • •	••		•••	२७
বঙ্গের সাহিত্য	ক নন	•••	•••	•••	٠٠٠ ২٩
পরিণয়		•••	•••	• • •	÷b
গ্রীঈশর চন্দ্র বি	দ্যাসাগর	•••	•••		<b>२</b> ৯
শ্রীযুক্ত বাবু ক্লয	विमांग शान	•••		•••	Vo
ঔষধ এবং চিবি	<b>চৎ</b> সক	•••	•••	•••	७১
প্রিয় বস্তুর অভ	ব	•••	•••	•••	ঐ
কোন কামিনীর	<b>উদ্দেশে</b>	•••	•••	• • •	• ৩২
रेक्तिय मश्यम	•••	•••	• • •	•••	<b>७७</b>
মৃত্যু	•••	•••	•••	• • •	<b>७</b> 8
• •	•••	•••	•••	•••	oa
ক্তজতা	•••	•••	•••	•••	৩৬
ভগবৎমহিমা	•••	•••	•••		99
ব্ৰহ্মানন্দপ্ৰাপ্ত (	যোগীর বি	षय्नानम्म जू	ष्ट्		… હ•્
অমুতাপ	•••		•••	•••	ঐ
প্রার্থনা		•••		•••	రన
ভগবৎ চিন্তা	•••	•••	•••	•••	80
সতৰ্কত	•••	•••	•••	•••	··· 🔊
ভগবৎ স্থোত্র	•••	•••	•••	•••	85

বিষয়।		- 1			পৃষ্ঠা
ঈশ্বরের ধ্যান	• • •				85
বৈরাগ্য			•••	•••	8২
শ্যামা বিষয়	• • •	•••	•••	•••	8 <b>º</b>
শিবের ধ্যান	•••	•••		• • •	ঐ
বাসনা নদীপার	• • •		•••	•••	88
জগতের ভালো	ব'াস:	•••	••		8¢
সংসারবির <b>ক্তি</b>		•••		•••	જે
मिन यांग्र	•••	•••	•••	•••	85
পথের সম্বল	• • •		•••	•••	ል
বিজয়	•••		•••	• • •	89
<u>ئ</u>		•••	•••	••.	8৮
🗸 দ্বারকানাগ ফি	াত্রের শে	াকে বগ্নভূ	মির বিলা	<b>가</b>	8৯
ব্রিটেনির প্রতি		-			00
জীবন যাত্ৰ: বাঁশ	- •	•		• • •	৫১

# গীত-হার।

#### প্ৰভাত।

রাগিণী ললিত। তাল আড়া। নয়ন জুড়াও মন, হেরে প্রভাত শোভন। মৃত্র মৃত্র হাসিতেছে, প্রকৃতি হেরি তপন।। ফুল কুল বিক্সিত, সৌরভে করে মোহিত, मृष् मन्त मक्षानिक, ऋगोवन ममीत्र।। আকাশে মেঘের গায়, স্থবর্ণ ভূষণ প্রায়, অরণ কিরণ হায়, কিশোভা ধরে-यटिक विङ्शगर्ग, मिनम्गि मत्रभरन, করিয়ে মধুর গান, উল্লাসে করে ভ্রমণ।। যতেক রাখালগণে, গাভী মেঘাদি চারণে, প্রান্তরে মাঠে কাননে, করিছে গমন—— ক্ষক রুষের সনে, কেত্র ভূমি কর্ষণে, याय जानिक च मरन, लाइन कति थात्र।।। স্বভাব কি মনোলোভা, ধরিয়ে অপুর্ব্ব শোভা, রচনা কৌশল খার, দেয় পরিচয়—-मानम कूरूम लएर, প्रिम हन्दन माथाएर, চরণ কমলে তাঁর, আনন্দে কর অর্পণ।।

#### गशाइ ।

#### রাগিণী মুল্তানী। তাল চৌতাল।

মধ্যাহ্নে পূর্ণ জগত, হইল আলোকে, পুঞ্জ পুঞ্জ করে দিবাকর, জ্যোতি বিস্তার।

মহাবেণে আলোক হিলোল, ভেদ করিয়ে মরুত মঙ্ল, পরশে ভূতল সহ করে ঘরষণ——— অনল তাপ উঠে তাহায়, সম্বাপে সংসার।।

আতপে তাপিত হয়ে প্রাণিগণ-শীতল ছায়াতে করে অবস্থান, লুকায় গুহায় তমো, জীবনেরি তয়ে—— সাগর তড়াগ যত জলাশয়, হেরে প্রভাকরে সভয় হৃদয়, কর ৰূপে করে দান বাষ্পা নীহার।।

ত্রিশিরা ক্ষাটিকে ভান্তুর কিরণ, হেরিয়ে বিজ্ঞানপ্রিয় জ্ঞানিগণ, সোপান করিল লয়ে সপ্ত ব্রণ——

তাহার আশ্রমে করিয়ে দর্শন, ভানুর দেহের অপূর্ব গঠন, নিৰূপণ করে তারা করিছে প্রচার।।

যা হতে হয়েছে আলোর স্থজন,তাঁর কাছে চাচ জ্ঞান আলো প্রেমের স্ফটিক তাহে করহে যোজন——

হৃদয় মন্দিরে পাবে দরশন, মহা প্রভাময় তাঁহার চরণ, কিরণে বরিষে যার কৈবল্য অপার।।

#### मक्रा।

রাগিণী পুরবী। তাল চৌতাল। শেষভাগ্ হতে দিবার, তেজ হীন হলো প্রভার,

হেরি সন্ধ্যা সমাগত, হলে। ভারু অদর্শন।

तितित वितरह हरेरा प्राधिज, कमल कुमूम हरेल मूमिज, প্রফুল্লিত কুমুদিনী বিধুর উদয়ে—— দিবসেরি গ্রীয় তাপ ঘুচাইতে,হিম্জল রেণু মাখিয়ে অঙ্গেতে, মৃত্মন্থর গমনে, বছে সন্ধ্যা সমীরণ।। পবন বহনে তরুবর গণ, শাখারূপ কর করিয়ে চালন, ইঙ্গিকে, বিহঙ্গ দলে করে আবাহন— সঙ্কেত বুঝিয়া যত পক্ষিচয়, নিজ নিজ ব'নে দ্ৰুত গতি ধায়, সুমধুর কলরবে, পুরিল তারা গগন।। দেখিতে ২ শ্যামলবরণে, তমোরাশি আসি পুরিল গগনে, হইল অবনীতল অন্ধকার ময়----ভাক্তরের ভয়ে যত তারাগণ, তক্ষরের প্রায় আছিল গোপন, সন্ধ্যার হয়ে ভূষণ, দেয় তারা দরশন।। দিবানিশি ছুয়ে করিয়ে মিলন, যে করিল মন সন্ধ্যার স্থান, চিন্তরে হৃদয়ে তার শ্রীপদ কমল– ভক্তি সুধা তাহে কররে সিঞ্চন, সফল হইবে জনম জীবন, জীবনেরি সায়ংকালে, ঘুচিবে পাপে জ্বলন।।

#### রজনী

রাগিণী বেহাগ। তাল আড়া। গভীর রজনী শোভা হেরিয়ে নয়ন। রসনা বাসনা করে গাইতে প্রকৃতি গুণ।। তিমির নীল অম্বর, আফাদিত কলেবর, হীরক তারকাদল, হয়েছে অঙ্গ ভূষণ।। থাই উপথাইগণ, নূপুরে যেন রতন,
ভ্রমণ কম্পনে তারা, বাজিছে মধুর—
হেরি ও রূপ মাধুরী, সাগরাদি যত বারি,
চিত্র লইবারে বুঝি, পেতেছে হুদি দর্পণ।।
শৃগালাদি নিশাচর, আনন্দে করে বিহার,
প্রকৃতির স্তুতি করে নিজ নিজ রবে—
যত তরুলতাগণে, যামিনীর দরশনে,
পল্লব চালনে সবে, করে চমর ব্যজন।।
দিবসেরি শ্রম দূর, করিবারে কি মধুর,
বিশ্রাম সুখদায়িনী, হয় যামিনী—
নিয়ম কৌশলে যাঁর, স্কলন হয়েছে তার,
তাঁহার চরণে কর, প্রেমাঞ্জলি অর্পণ।।

#### अतुद् ।

রাগ ভৈরব। তাল চৌতাল।
শরতে স্থভাবশোভা, দর্শন করিয়ে, নয়ন জুড়ায়।
তুণের মনোহর, বসনেতে কলেবর, ভূমাতা লুকায়॥
বিবিধ কুস্কম রাশি, উদ্যানে উপবনে, শোভা পায়——
সৌরভ রেণু চয়ন করিয়ে, হিম বায়ু বহে প্রাণ জুড়ায়॥
আকাশ নিরমল, তাহে সব তারাদল, জুলিছে কি হায়॥
শীতল কিরণ ধারা, করিয়ে বরিষণ, নিশিনাথ——
আলোকে করে ভূতল উজ্জ্ল,জ্যোভিস্তোতেষেন জগতে ধুয়ায়॥
যে জন শরত ঋতু, স্কজেয়ে জীবগণে, স্থথ দেয়——
তাঁহারি গুণ অপার মহিমা, চিরকাল ব্যাপি সর্বলোকে গায়॥

#### হেমস্ত।

রাগিণী ললিত। তাল আড়া। হইতে শারত শেষ, ছেমন্ত এলো ভূতলে। भी उ जामिए विलिश, मशाम (प्रा मकरल ॥ निभित्र भिभित्रवान, निमित्र वर्ध थान, শোকে ভারু মিয়মাণ, অগ্নিকোণে পড়ে ঢলে 11 দেখিয়ে দিবার হাস, নিশার বাড়ে উল্লাস, আলোকেরে উপহাস, করুয়ে আধার—— হিমের ধূম বসন, আচ্ছাদিল তারাগণ, लार्क मूपार उपन, एाकिन यन अक्टन ॥ তরুলত। শীর্ণকায়, ফুল কুল মৃত প্রায়, নীরব মন ব্যথায়, রহে পিকবর----মধু বিনা মধুকর, হয় তাপিত অন্তর, मनष्ट्रत्थे जत जत, त्तामन करत मकरल।। হেরি উচ্চের পত্ন, নীচ লোকে হৃষ্টমন, কাকের বাড়ে লাবণ্য, হেমন্ত কালেতে-কুকুরে করে বিহার, পাখা উঠে পিপীলার, नीहरत মুকুতাহার, তৃণগণ পরে গলে।। হেমন্ত ধারে আজায়, শদ্যে ধরণী পূরায়, भाकारम थाना कीरवरत, करत्र अम्रान---প্রেম রাগ তানে তারে, গাও গুণ অনিবার, মনরে মন ভোমার, সঁপো তাঁর পদতলে ।।

#### শীত।

রাগিণী রামকেলি। তাল কাওয়ালী। শীতের প্রতাপ নয়ন। কর দরশন**—** স্বভাব কি ভীষণ, ৰূপ করে ধারণ, ত্রাসিত অন্তরে সর্বজন।। বরফ সমান হয় হিমবারি, পরশে অঙ্গ অবশ হয় সবারি, শীতল প্রন, বহে অনুক্ষণ, থর থর কাঁপে তায় প্রাণিগণ।। শীতের প্রতাপে রবি তেজোহীন,ভয়ে সঙ্কোচিতছে।ট হয় দিন, নারীর কোলেতে, লুকায় ভয়েতে, জীবন রাখিতে ছতাশন।। কোমাসা জালে দিকে আচ্ছাদিল,নবোদিত ভামু কিরণ ঢাকিল, पूत पृष्ठि द्वामः ठूठ पूक्ल नाम, भीर्ग इस मव छक्छा। ॥ কার্পাদ রেসম পসম বসনে, সবে তনু ঢাকে শীত নিবারণে, নর নারী জনে, একত্র শয়নে, শীতের ভয় করে ভঞ্জন।। কপি কমলালেরু বেদানা আঙ্গুর,সিম কড়াইসুঁটি মধুরথেজুর, थारे मोठकारल, याँत क्रावरल, जाँत अननारन मक मन ॥

#### বসন্ত ৷

রাগিণী বাহার। তাল কাওয়ালি। হেরিয়ে শোভা বসস্ত ঋতুর নয়ন জুড়ায়। ঋতুরাজ কিবা মোহন ভূষায়, সুচারু ভূষিত করে ভূমাতায়, বন উপবন, উদ্যান কানন, মরি কি শোভিত, কুস্থম শোভায়॥ জড় সড় শীতে হয়ে প্রাণিগণ, ছিল যেন সবে শৃষ্থলে বন্ধন, বসত আসিয়ে রূপাল্ হৃদয়ে, প্রাণিসকলের বন্ধন ঘুচায়।।
আধ আধ শীতে গ্রীয় মিলন,আহা মরি কিবা জুড়ায় জীবন, মলয় পবন, করিছে বহন, উল্লাসিত চিত সব জীব তায় ।।
তরুলতাগণ নব পল্লবিত, নানা জাতি ফুল হলো বিকসিত, সৌরভে মোহিত, করিছে জগত, ঝাঁকেই অলিমধুপানে ধায়॥
কুছ কুছ রবে পিক করে গান, শ্রবণে জুড়ায় সে মধুর তান, যুবক যুবতী, ভুঞে সুধরতি, বিরহী তাপিত ময়থ জালায়।।
বসতে মদনে করি উদ্দীপন, যে করে কৌশলে প্রাণির হজন, প্রকৃতি পুরুষে, সুথ রতি রসে, যে মজায় মজনন ভারি পায়॥

# शीय।

রাগিণী টোড়ে। তাল কাওয়ালি।
ভীষণ প্রতাপ নরন। হেররে গ্রীম ঋতুর——
উগ্র কিবা মূরতি, ধারণ করে প্রকৃতি, দর্শনে ভীত সর্বাজন।।
অগ্নিধারা প্রায়, প্রথর আতপ, ব্রিষণ করয়ে তপন——
শোষণ তাহে করে ধরাতল, জলাশয় নির্জীবন।।
মরুভূমিময়ে, বালুকা উত্তাপে, অনিল অনল সম হয়——
প্রবল বেগে, বহে চারি দিকে, জীবগণে করে দাহন।।
নীরস নিস্কে, তরুলতাগণ, ত্বাতুর হয় প্রাণি সবে——
কাতর স্বরে, ড কে জলধরে, চাত্রিকনী করি রোদন।।

ভানুর কিরণ, লাগিয়ে বালিতে, জলভ্রম হয় দূরেতে——
তৃষিত যত, হয় প্রতারিত, মরীচিকা করি দর্শন।।
পশু পক্ষী নর, তাপিত অন্তর, কলেবর সিক্ত স্বেদ জলে—
শীতল জল, হিমছায়াতল, বিনা নাহি রয় জীবন ৷৷
থীয় ঋতুর, স্কান করিয়ে, চূতকলে স্থা সঞ্চারে যে——
তাঁহারি প্রেম, স্থাসিজুনীর, পানে হও মন মগন।।

# বৰ্ষা ৷

রাগিণী মল্লার। তাল কাওয়ালি। হের বরিষা ঋতুর শোভন। নয়ন----মনোহর ৰূপ কিবা, প্রকৃতি করে ধারণ ৷৷ নভোমগুলে কিবা, জলদের জাল, কজ্জল ৰূপ ধরি, বিস্তারে বিশাল-চমকে চপলা দাম, আহা মরি কি সুঠাম, श्वातिष्ठ गामाञ्जी यन, अकाम करि ममन ॥ ঘন ঘন ঘন করে, গভীর গর্জ্জন, ভীষণ নিনাদে তার, পূরিল গগন---क्ति त्रव मन मन, विहिष्ट विदेश প्रवन, यात यात त्रदव इश, वाति धाता वित्रव।। পূরে সব জলাশয়, রসিল ভূতল, স্রোতস্বতী বেগবতী, হইল সকল—— কুলু কুলু রব করি, পড়িছে সাগরোপরি, পতি সহ সতী যেন, করে প্রেম আলিঙ্গন 11

হরিত বরণে কিবা তরুলতাগণ,
মনোহর ৰূপ ধরি জুড়ায় নয়ন,
পবনেরি হিল্লোলে, ধান্য তৃণ হেলে দেলে,
মরকত জলে যেন তরক্ষমালা ভূষণ।।
ময়ুর ময়ুরী কিবা পর্বত উপরি,
আনন্দে নাচিছে সবে কলাপ বিস্তারি,
চাতক তৃষা মিটায়, ভেক গণে গীত গায়,
প্রিয়াবিরহ অনলে, প্রবাদী হয় দাহন ।।
বরষায় শস্যবতী করি ভূমাতারে,
যে করে আহার দান সকল জীবেরে,
রুতজ্ঞতা সহ তাঁর, গাও গুণ অনিবার,
তাঁর প্রেম সুধাপানে, মন্ত্র রে চাতক মন।।

# অসীম বিশ্বরাজ্যবিষয়ক চিন্তা।

রাগিণী পরস্ত। তাল আড়া।
কে পারে বলনা মন করিতে এই,
অসীম বিশ্বরাজ্যের পরিসীমা।।
কত যে তারা তপন, কত ধূম কেতু,
গ্রহণণ শশি-সহিত, ভ্রমিছে, তার সংখ্যা করিতে।।
পলকে আলো ভ্রমণ, করি লক্ষ ক্রোশ,
নাহি পার শেষ দেখিতে, বিশ্বেরি, যুগ যুগ যুগেতে।।

প্রপঞ্চ হতে স্ক্রন, করি জড় ভূত,
তাহাতে জীবন চেতনা, দিল যে, মন তাঁরে জানিতে।
অন্ত কিবা কোশল, মন্তিক্ষ রচনা,
যাহাতে মনের আবাস, হইল, সে কোশল বুঝিতে।।
এই যে মহান বিস্তৃত, জগত কল্পনা,
যে করিল ভাঁর অপার, মহিমা, কেবা পারে গায়িতে।।

# शिन्द्र्यान्।

রাগিণী বাহার। তাল কাওয়ালি। হিন্দুমেলা যত ভারত সন্তানে, কহিছে আদরে।

- হিন্দু জাতি যাতে গোরব পায়, প্রাণ পণে তারি কর উপায়, ভারতমাতার হীনতা মোচনে, দৃঢ় করি বাঁধ সবে প্রক্যডোরে 11
- শোর্য্যবান হও বীর্য্য বিস্তার, দেশ জুড়ে কর জ্ঞানপ্রচার, বিদ্যার প্রভাবে ভীরুতা হরিবে, বীরতেজ পাবে সবে জ্ঞান জোরে।।
- কৃষিকার্য্য আর শিল্পবিদ্যার, উল্লভিসাধনে হও তৎপর, বাণিজ্যে, বিজ্ঞানে, সমর সন্ধানে, নিপুণতা লভ সবে যত্ন করে।।

ব্যায়াম সাধিয়ে হও বলবান, অভ্যাস কর অস্ত্র সন্ধান, সমরে শার্দ্দূল ব্যায়ে বিপুল সাহস, বাড়াও বনে মুগয়া করে।।

আমানির্ভির ৰূপে অমূল্য রতন, উপার্জ্জনে তারি কর যতন, দারিদ্রা দীনতা, পর অধীনতা, ঘুচিবে সেকল জুধ আয়া নির্ভিরে।।

হিল্পুস্থান সম ধনেরি আকর, ধরাতলে নাহি দেশ অপর, জিমিয়ে সে দেশে, যুমাও অলসে, হায় তব ধন লয়ে যায় পরে ৷৷

## চিতোর রাজ্যের অধিপতি প্রতাপ রায়ের রোদন।

রাগিণী টোড়ি। তাল কাওয়ালি।

স্থাগ জাগ প্রিয় দেশবাসিগণ।
বিস্তীণ ভারতে যথা আছ যে জন,
কর স্থদেশেরি ছুপেরি মোচন।।
জননী ভারত, কাঁদি অবিরত,
কৃহিছে সন্থানগণে বিনয় করিয়ে কত,
ঘুচাও যাতনা দাসীত্র পীড়ন॥
গত স্থাধীনতা মান, হত ধন জ্ঞান,
কীর্ভি গৌরব দীপ হয়েছে নির্ম্বাণ,
শোকেতে মিয়মাণ ভারত আনন॥

8

জनम ভূমির ছुर्फभा नय़दन, আর্য্য বংশ হয়ে, হেরহে কেমনে, शृक्त भूक्ष्य गर्ग रहा कि आत्रा? স্বদেশেরি মান বজায় রাখিতে, পশু বানর জাতি রাক্ষ্যে মারিতে, সাগর লজ্ফিয়ে করেছিল রণ।। হায় কি পাপের ফলে ভারতে এখন, वनवीया शीन श्राता शिन्छ्र ११, ঐক্যেরি বন্ধন কে করিল ছেদন।। হিন্দুর গৌরব জানকী উদ্ধারিতে, আর কি লবে পুন জনম ভারতে, শোষ্য বীষ্য ৰূপ জীরাম লক্ষণ 11 পুন কি ভারতে ছফৌরি দমন, যতুনাথ করি জনম গ্রহণ, অত্যাচারী কংসে করিবে নিধন? ছুৰ্য্যোধন ৰূপ অপহারী খলে, প্রহারিতে গদা মহা বাছবলে, অার কি হিন্দু কুলে হবে ভীমসেন? ধীরতায় বীরতায় উজ্জ্বল ভারত, করিতে হবে কি পুন হিন্দুকুলে জাত, शक्रादिती ऋउ जीश महासन?

33

যে একতা ৰূপ শক্তির সাধনে, দলিল দানব দলে দেব দেবীগণে, তাহারি পুজনে ধাও হিন্দুগণ।।

# পুরুষার্থ উপার্জ্জনে স্বদেশবাসি-গণের প্রতি উক্তি।

রাগিণী মলার। তাল কাওয়ালী।

প্রিয় ভারত জাত ভ্রাতৃগণ। সঘনে যতনে কর বীরত্ব সাধন।।

হিন্দুর নাম বিস্তার মহীতলে, করিতে হও অগ্রসরঃ——
স্বাধীনতা ধন মান প্রতাপ বর্দ্ধনে,
ধর্ম রক্ষণে আর সত্যের পালনে,
কু আচার দমনে, দেশ হিত সাধনে, করহে পণ জীবন।।
দেশ বিদেশ ভ্রমণ পরায়ণ, হইয়ে হের নৃসমাজেঃ——
শৌর্যা বীর্যা বল, সমর কৌশল,
যত রূপ বিদ্যা ধরে ধরাতল,
জননী ভারতে, আনিয়ে সকলের, করহে বীজবপন।।
শার্দ্দূল প্রায় বিশাল বলাকর, হও হে ব্যায়াম সাধিস্নেঃ——
ভ্রমরূপ তমো নাশ জ্ঞান আলো জ্বেলে,
ভ্রম আরেতে ছেদ আলস্য শৃক্ষলে,
ভ্রম নাশ কর, সাহস গুরুতর, বর্দ্ধনে কর যতন।।

লক্ষণ রাম বীরেশ ভীমার্জ্জুন রণ্জিত রঘুজী শিবজীঃ—
ভারতের বীর গণে স্মরণ করিয়ে,
বীর ধর্মেতে ত্রতী হও বীর পণে,
প্রিয় জন্ম ভূমির গৌরব সাধনেতে, করোনা ভয় মরণ॥
বিটেনীজাত বিক্রম বিশারদ পণ্ডিত সভ্য জাতিরেঃ—
সভ্যতা শৃষ্খলে আবন্ধ করিয়ে,
রুতজ্ঞতা মান উপহার দিয়ে,
সভ্যতা স্থনীতি বীরত্ব প্রভৃতির, উপদেশ কর গ্রহণ॥

#### ডাক্তার মহেন্দ্রলাল সরকারের প্রস্তাবিত বিজ্ঞান সভা।

রাগিণী পরজ। তাল আড়া।
বিজ্ঞান সাধনে হও আগুলান।
উৎসাহ যতনে প্রিয় ভারত সন্থান।।
জন্মভূমি সমুজ্জ্বল, মনুষ্য নাম সফল,
হয় তার করে যেই, জ্ঞান অনুষ্ঠান।।
পুরাকালে ঋষিগণ, ভাক্ষরাদি মহাজন,
জ্ঞানালোকে করেছিল, দীপ্ত হিন্দুস্থান।।
শৌর্যা বুদ্ধি ধন বল, একত্র লয়ে সকল,
কর মাতা প্রকৃতির, নিরম সন্ধান।।
হিন্দুর যশঃ-সৌরভে, ধরা আমোদিত হবে,
ভারত জননী পুন, পাইবেন মান।।

# কাদার লাফোঁ।\*

রাগিণী বেহাগ। তাল আড়া।

চল ভাই সবে, জেভিয়রে যাই। সেন্ট জেভিয়রে যাই। জ্ঞান স্থাপানে, জ্ঞান পিপাসা মিটাই।।

বিস্তারে বিজ্ঞান জ্যোতি, পাদৃ লাফোঁ। মহামতি, তাহার কিরণে মন, আঁধার ঘুচাই।।

স্বভাব গৃঢ় নিয়ম, প্রকাশে তার মরম, হেরি যার কারিকুরি, বলিহারি যাই:——
পদার্থ শক্তির সনে, পরম্পারের মিলনে, হয় কত লীলা ভেবে শেষ নাহি পাই।।
অনত আকশিময়, বিবিধ ভূত-নিচয়,
যে করিল সঞ্চয়, অদ্ভূতবলে:——
আকর্ষণে † অন্তরণে ‡ মিশায়ে রেণুর সনে,
বিশ্ব ছবি যে আঁকিল তার গুল গাই।।

#### তড়িৎ ৷

রাগিণী মলার। তাল কাওয়ালি। কি অপরপ রূপ সৌদামিনী। ক্ষণপ্রভা অঙ্গুঅভা, নয়ন বিমোহিনী। ক্লেদ নিবাসিনী)

<sup>°</sup> ইনি কলিকাতা দেওঁ ক্ষেতিয়র কালেক্ষের প্রধান অধ্যাপক, বিজ্ঞান-শাব্দ্ধে অসাধারণ পণ্ডিত।

<sup>†</sup> Attraction.

<sup>‡</sup> Repulsion.

তেজোৰতী বেগৰতী, চপলা চঞ্চলা অতি, মনের অধিক ক্রত গামিনী-হয়ে ভূমি স্রোভস্বতী, জীবদেহে কর স্থিতি, তুমিগো অন্ত শক্তি, জীবের জীবনী।। তুমি বরষার মূল, পাল তুমি জীবকুল, জগত জনের হিত সাধিনী--পলকে দিগদিগন্তে ধাও তুমি ভার-পথে, হয়ে জনসমাজের বারতা বাহিনী।। বিজ্ঞান আলোকে হেরি, তব গুণ স্বভাবেরি, মরম প্রকাশে যে জ্ঞানিগণে----ধন্য সে সকল জন, পূজ্য এই ত্রিভুবন, হলেগো যাদের তুমি, আজ্ঞার অধীনী।। করিয়ে কত যতন, মেলিয়ে জ্ঞান নয়ন, হেরিয়ে তেগমায় ভেক শরীরে-জীবদেহে তব বাস, করি জগতে প্রকাশ. হইল এ মর্ত্তালোকে, অমর গাল্ভ্যানি॥ তামা লোহা পিতলাদি যত ধাতু নীচ জাতি, ধরে হেমক†স্তি তব বলেতে:—— তুমি গর্ভে জাত থার, না জানি মহিমা তার, আছে কি জগতে আর, তেমন কামিনী।।

# প্রোফেসর পাল্মিরি।\*

রাগিণী টোড়ি। তাল কাওয়ালি। অদ্ভুত বীরত্ব না যায় বর্ণনে। ধীর গভীর পাল্মীর মহামনে, প্রকাশ করিল বিজ্ঞান সাধনে ॥ আংগ্রেয় গি রিবর,ভিসুভিয়সপর, त्रश्लि অটলমনে সাহসে করি ভর, দেখিতে ঘোরতর অনলপ্লাবনে ।। পর্বতগহরর হতে ভয়ঙ্কর, অগ্নিধৃম রাশি স্বলন্ত প্রস্তর, প্রলয় গরজনে ছুটিছে গগনে ।। দ্রবীভূত ধাতু প্রস্তর নিকর, অনলে গলিয়ে স্রোত বহে নিরম্বর, দাহন করে তায় নগরে কাননে 11 थत थत घन घन प्रमिनी कै। शिष्ट, গিরি বিদীর্ণ করি অনল ঝাঁপিছে, ফার্টিছে ভূধর গভীর গরজনে॥

<sup>°</sup> পালমিরি একজন ইটালীদেশীথ বিশ্বাত বিজ্ঞানবেতা। ইনি বিজ্ঞান-বলে ভিস্কৃতিয়স পর্বতের অগ্নুৎপাত হইবার একবৎসর পূর্বের উহা গণনা দার। স্থির করিয়াছিলেন। এবং সেই ভয়ক্ষর অগ্নুৎপাতের সময় নিজের জীবনা-শায় জলাঞ্জলি দিয়া বিজ্ঞানশাক্ষের উন্নতিসাধন মানসে সেই পর্বতোপরি অব-স্থিতি করিয়াছিলেন।

কালান্তক ৰূপ অনল প্লাবনে,
হৈরি ভয়াকুল হয় সর্বজনে,
দূরে পলায়নে বাঁচায় জীবনে।।
এমন ভীষণ সঙ্কটে যে জন,
মরণে অভয়মন, করে দরশন,
কোপন স্বভাবে, ধন্য সেই জনে।।
বিজ্ঞান সাধনে এমন সাহস,
যবে হিন্দুজাতি করিবে প্রকাশ,
ভারত উজ্জ্বল হবে সেই দিনে।।

# সার জজ্জ ক্যামেল সাহেবের আক্রমণ হইতে উচ্চ শিক্ষা রক্ষা করিবার উপায়।

রাগিণী গৌরী। তাল কাওয়ালী।
কর ভর এবে আত্ম নির্ভরে।
প্রিয় বঙ্গবাসী জন সকলে—
পাইতে উচ্চ শিক্ষায়, বিষম বিশ্ব ঘটায়,
ক্যাম্বেল রাহুতে প্রাসে জ্ঞান শশধরে।।
দেশের হিত সাধনে হও আগুয়ান,
ধনবান বিদ্বান বল বুদ্ধিমান——( সবে )
কর এমন উপায়, যাহাতে উচ্চ শিক্ষায়,
স্থলতে বঙ্গবাসীরে লভিতে পারে।।

### প্রোফেসর ফসেট্।

রাগিণী মুল্ভানী। তাল আড়া।
দয়াল কমেট কর ছখ অবসান।
বাঁচাও প্রজ্ঞাপুঞ্জেরে স্থাবিচার করি দান॥
নানাৰপ করভার, সহেনা মস্তকে আর,
তাহে আবার অত্যাচার দহিছে লোকেরি প্রাণ॥
রাজধন অপব্যয়, ছুর্জিকেতে প্রজাক্য়,
দিব কত পরিচয়, জুরে দেশ হলে। অয়্রাণ॥

करत बादक शंशकात. पिथि क्रियानत विष्ति, উচ্চশিক্ষা পাইবার, পথ যুচাইতে চান।। বড় আশা ছিল মনে, কুইনের নিজ শাসনে, ভারতেরি প্রজাগণে, স্বথেতে জুড়াবে প্রাণ।। म जामा नाहि शृतिल, करे तम सूथ रहेल, ব্রং আগে ছিল ভালো, কোম্পানি দয়াবান, কোম্পানির ডিরেকটরে, ভয় বা লাভেরি তরে, দেখিত তদন্ত করে, শাসন কার্য্য বিধান।। এবে রাজ সেক্রেটরি, লয় কি যতন করি, ভারত প্রজা পুঞ্জেরি, সুখ ছংখেরি সন্ধানণ। পার্লিয়ামেন্টর সভ্যগণে, কবে হে রূপানয়নে, হেরিয়ে ভারত পানে, করিবে তত্ত্বাবধান।। তুমিহে মহামুভব, ভারতের সত্য বান্ধব, অতুলনা দয়া তব, কিনিল ভারত প্রাণ।। ধন্য সেই পুণ্য দেশ, তার গৌরব অশেষ, প্রসব করে যে দেশ, তোমা হেন স্থসন্তান।। ঈশ্বরেরি সল্লিধান, চাহি হে তব কল্যাণ, যত ভারতসন্তান, তব যশ করে গান।।

# বীরত্ব উপার্জ্জনের চেফা, স্বদেশ বাসীদিগের প্রতি উক্তি।

রাগিণী পুরবী। তাল কাওয়ালী।
ভাই সবে সাধ বীর হইতে।
বুদ্ধিবল সাহস বাড়াইতে।।
ব্যায়াম সাধনে, ঘোটক আরোহণে,
যত্ন কর কেহ সুগয়া করিতে।।
জ্ঞান উপাজ্জন, প্রবেশহে কাননে,
উঠ উচ্চতর ভূধর শৃঙ্কেতে।।
সাগর তরিতে, স্থনাবিক হইতে,
শিখ কেহ কেহ আকাশে ভ্রমিতে।।
সমর বিজ্ঞান, করহে অধ্যয়ন,
আাম্মরকা ধর্ম রক্ষণ করিতে।।
বঙ্গ বাসী জন, সাহস উপাজ্জন,
কর সবে ভীরুবাদ ঘুচাইতে।

# ফুেণ্ড অব্ ইণ্ডিয়ার সম্পাদক মেফ্টর জেমস্ কটলেজ।

রাগিণী পিলু। তাল পোস্থা। করি বন্ধুর কাজ বাধিত করিলে, ভারতেহে কিনিলে। প্রিয় রুটলেজ তুমি, হৃদয়েতে রহিলে।। ধর্মেরি সত্তারি প্রেম ভাল দেখাইলে,
রাজ শাসনেরি দোষ, নির্ভয়ে প্রকাশিলে—
কুকা হন্তা কোয়ানেরে ।
বিধি হন্তা ফর্সাইতেরে, ।
বিচারেতে আনিলে।
বিধি হন্তা ফর্সাইতেরে, ।
বিচারেতে আনিলে।
বিধি হন্তা ফর্সাইতেরে, ।
বিচারেতে আনিলে।
বিধি হন্তা ফর্সাইলে—
আবিচার কলঙ্ক তার তুমিহে ঘুচাইলে—
আকয় যশের কীর্ত্তি হিন্দুস্থানে রাখিলে।।
সম্পাদকেরি ধর্মা ভাল আচরিলে,
পক্ষপাতে স্বার্থপরে কভু নাহি জানিলে—
কবে তোমারি মত হইবে হে সকলে।।
নিরাপদে গিয়ে দেশে ভাস সুখ সলিলে,
ঈশ্বর রাখুন তোমায় চিরকাল মঙ্গলে—

রাখিও ভারতে মনে আপনারি বলে।। (বলিয়ে)

# মহারাণী স্বর্ণময়ী।

রাগিণী ঝিঁঝিট। তাল আড়া।
দয়াময়ী স্বৰ্ণময়ী বঙ্গ মহিলে। ওগো পুণ্যশীলে।
দানে দেশ কুল ভাল আলো করিলে।।
সাধারণ উপকার, করিবারে অনিবার,
অমৃত বদান্য স্রোতে, বঙ্গ ব্যাপিলে।

অন্নদানে ক্থাত্রে, বিদ্যাদানে জ্ঞানার্থীরে,
চিকিৎসাদানে রোগীরে, জীবন দিলে।।
ধন্য তব স্থামিকুল, ধন্য তব পিতৃকুল,
কুল পায় গো অকুল, তুমি কুল দিলে।।
তব যশ পুণ্যমান, ব্যাপিল গো হিন্দুস্থান,
অক্ষয় কীর্ত্তি সুনাম, ভাল রাখিলে।।
ধর্মেরি পুণ্যেরি বলে, ধাক্বে গো সদা মঙ্গলে,
ভাস্বে পরকালে চির, সুখ সলিলে।।
বঙ্গের ধনাচ্যগণ, কবে গো ভোমার মতন,
ভিজাবে জনম ভূমি, দান সলিলে।

# পিতৃমাতৃ সম্ভোষার্থে শ্রীযুক্তবাবু বিহারি-লাল গুপ্তের হিন্দুপরিণয়।

রাগিণী সিন্ধু। তাল আড়া।
সংসারে ধন্য সেই।
পিতা মাতা গুরু জনে তোষে যেই।
জননীর স্নেহধার, পরিমাণ নাহি যার,
গুধিবারে সেইধার, পারে কেই।।
মায়ে কাঁদায়ে যে জন, করে ধর্ম আক্লালন,
তার ভজন পূজন রুধাই।।

পিতা মাতা উভয়েতে, ধর্ম যুক্তি বিচারেতে,
প্রতিনিধি পৃথিবীতে, ঈশ্বরেরি ।
পিতারি আজ্ঞা পালনে, বাড়ে যশে পুণ্যে মানে,
রামাবতার হিন্দুস্থানে তাইতেই।।
দিয়ে সুখে বিসজ্জন, তুষিয়ে পিতারি মন,
অক্ষয় কীর্ত্তি স্থাপন, ভীম্মেরি।।
তুষিয়ে পিতা মাতায়, করি ছিন্দু পরিণয়,
দিল গুপ্ত পরিচয়, মহত্বেরি।।

## श्निषु मङ्गीछ।

রাগিণী ইমন-কল্যাণ। তাল আড়াঠেকা।
দেশ বাসী ভ্রাতৃগণ।
হিন্দু সঙ্গীতের পুন, কর উন্নতি সাধন।।
ভারতের অমুল্য ধন, হিন্দু সঙ্গীত রতন,
তাচ্ছল্য করে হরণ, ক্ষোভানলে দহে মন।।
প্রিয় ভারত সঙ্গীত, মনোহর সুললিত,
ভাবণে জুড়ায় চিত, জগতে করে মোহন।।
সঙ্গীত মোহন গুণে, বশ করে সর্বজনে।
নানা রস উদ্ভাবনে, অঘটন করে ঘটন।
শোকীর সন্থাপ হরে, দয়ালু করে নিঠুরে,
ভীরুর অন্তরে বীর-ভেজ করে উদ্দীপন।।

সঙ্গীত অমূল্য ধন, করে যেই উপাজ্জন, হয় সে যশোভাজন, সার্থক তার জীবন ।। সঙ্গীতে পুনরুদ্ধার, করিবারে যে প্রচার, করিল সঙ্গীত সার, তার যশ কর গান।।

# রাজা যতীক্র মোহন ঠাকুর বাহাদুর।

রাগি🗫 ভৈরব। তাল কাওয়ালী। যতীক্রমোহন, জ্যোতিতে মোহন, করিছে নয়ন, বঙ্গবাসীর। কিবা জুড়ায় নয়ন বঙ্গবাসীরু।।

প্রসন্ন আনন হেরে জুড়ায় প্রাণ, ঘুচায় অস্থুখ তিমির। হরে মনেরি অসুখ তিমির।।

বিবিধ সদ্গুণ ভূষিত পণ্ডিত, শান্ত সুরুদ্ধি গভীর—— সজ্জন রঞ্জন প্রিয় দরশন, বিনয়ী রসিক সুধীর।। কিবা বিনয়ী রসিক সুধীর।।

ভারত সঙ্গীত, পুনরুজ্জীবিত, করিতে যতনৰূপ নীর—— সিঞ্চি অক।তরে, বঙ্গভূমি পরে, স্থাপিল যশের মন্দির।। কিবা অক্ষয় যশের মন্দির।।

দেশের হিতের লাগিয়ে তৎপর,করে বিতরণ ধনরাশির—— ঠাকুর কুলের উজ্জুলকারি বঙ্গের গৌরব মিহির।। শ্রী বঙ্গের গৌরব মিহির।।

#### প্রেম।

রাগিণী পিলু। তাল পোস্তা। অকপট মনে প্রেম সাধ সহ যতন। জগত হিতাৰ্থে প্ৰেম হইয়াছে স্জন ৷৷ নানা মনোহর ৰূপ প্রেম করি ধারণ, জগত জনের প্রীতি সদা করে সাধন।। ভক্তি তোষে গুরু জনে, স্নেছ শিশু মোহন, স্থ্যতা তোষে সমানে, প্রেম প্রিয়া তোষণ | ফমা অপরাধী তোষে, দয়া দীন রঞ্জন।। দেশ হিতৈষিতা করে দেশবাসী মোহন, বীর প্রেমে উজ্জুল হয় মাতৃভূমি বদন, সত্য প্রেম সাধনেতে ধর্মা হয় স্থাপন।। পতি প্রেম সাধনেতে, সতীত্ব উপার্জ্ঞান, করিয়ে রমণী করে চির কীর্ত্তি স্থাপন, সতী সীতা সাবিত্রীতে দেখ উদাহরণ ।। विमात (अरमण्ड (अमी इस राष्ट्र मुजन, আলো করে দেশকুল লভে জ্ঞান রতন, সার্থক জনম তার সফল জীবন।। বিশুদ্ধ প্রেমেতে তৃষ্ট সে প্রেমিক রতন, विश्व वक्तु वटल भियदत द्वाप कदत कोर्डन, ভালো হতে ভালো বাস ভেবে তাঁর চরণ ॥

## বঙ্গের সাহিত্য কানন।

(''আয় আয় মকর গঙ্গাজল'') গানের সুর। তাল খেমটা ।

হেরে জুড়ায় নয়ন। বঙ্গেরি সাহিত্য কাব্য, কুস্তম কানন 🛭 ফুটিল কুষ্ণ কমল, কি শোভা কি পরিমল, হেম পারিজাত ফুল, করে মন মোহন। করে মন মোহন এর। মানস রঞ্জন। ৰূপে গুণে আলো করে, সাহিত্য কানন।। বিঙ্কিম গোলাপ ফুলে, ছেরে আঁথি যায় ভুলে, সুবাস যার উথলে, তোষে সর্বজন। তোষে সর্বজন তোষে বাঙ্গালার মন ৷ সুরভি আত্রাণে করে, মানস হরণ।। অপরাজিতার প্রায়, দীনবন্ধু নীলিমায়, কি শোভা ধরেছে হায়, নীলের বরণ। নীলের বরণ তার, নীলদর্পণ। ছেরে লাজে মরে কত, নীলকর গণ।। बक्त हम्भक कृ तहे, बक्त स्वाम हू तहे, मकत्मत कार्ष्ट मुटि, जामत यउन। আদর যতন প্রেম, প্রির সম্ভাষণ ৷ কেনা করে চম্পকেরে গাঢ় আলি<sup>ক্স</sup>ন।।

বঙ্গেরি কাব্য কাননে, আর যে কত সুজনে,
সুগলাকু হ্ম সনে, হয় গো তুলন।
হয় গো তুলন তারা, ফুলের মতন।
হেরি আহ্লাদেতে করি, মঙ্গাচরণ।

#### পরিণয় ৷

রাগিণী বেহাগ। তাল কাওয়ালী।

মরি কৈ স্থথেরি নীরে।
করিয়ে পরিণয়, ভাসে নর নারী।।

দম্পতীর চিত, প্রেমে পুলকিত,
পায় উভয়ে প্রীত, উভয়ে হেরে।।

তুষিতে উভয়ের মন, উভয়েরি আকিঞ্চন,
বেশ ভূষা ভাল বাসাবাসি তুজনে
পায় তুজনে সুখ, স্বর্গ পুরে।।

পবিত্র প্রেমেরি বলে, আনন্দে এ ধরাতলে।

দম্পতী জীবন, দিন, করয়ে যাপন—
সুখ উপাজ্জনি, তুখেরি মোচনে,

সাহায্য করে তুজনে, তুই জনেরে।।

### শ্রীঈশ্বর চক্র বিদ্যাসাগর।

রাগিণী পিলু । তাল পোন্তা।
পর তুপ হেরি, যার কাঁদে প্রাণ।
দেইত সনুষ্য মাঝে, দেবতা সমান।
আনাথ তুর্বল জনে, স্নেহ পূর্ণ নয়নে,
হেরিয়ে সঁপে যে প্রাণ, তার তুগ মোচনে,
সেই ত মানবকুলে, পুরুষ প্রধান ।।
অধীনী কামিনী কুল, ক্লেশ নিবারণে,
লিখিয়ে মহায়া মিল, প্রবন্ধ যতনে,
হইল পূজিত সেই, বিখ্যাত ধীমান ।।
হিল্ফুকুল কামিনীর, বৈধব্য যন্ত্রণা,
ঘুচাতে কাতর স্বরে, কাঁদিলেক যে জনা,
দমার বিদ্যার সেই, সাগর মহান।।

চিরপতি বিরহিণী, কুলীন ললনার, ছুখ হেরি খেদবারি, বরিষে নয়নে যার, নহে কি অন্তর তার, ঈশ্বর সমান ।।

# শ্রীযুক্ত বাবু ক্লফদাস পাল।

রাগিণী গৌরী। তাল একতালা। हिन्दु हिटेउ वी रक आता (परभंत मालात। কুষ্ণদাস বিনা আরু, কে আছে বাংলার॥ হরিশ আসন করিয়ে উজ্জ্বল, সদত সাধিছে দেশেরি মঙ্গল, विमा। तुष्कि वल, विष्ठांत कोभल, মরি কি গভীর তার।। সে বিনা বাংলার ।। রাজ অত্যাচার কুবিধি প্রচার, যাহাতে অনিষ্ট হয় গো প্রজার, নিবারণ তার করে গো যাছার, व्यापाच लिथनी धात ।। लिथनी क्रशांव धात ।। হিন্তুর ধরম মান স্বাধীনতা, জাতি ব্যবহার সুনীতি সুপ্রথা, রক্ষণ করিতে অন্তরেতে সদা, জাগিছে যতন যার।। সে বিনা বাংলার।।

#### ঔষধ এবং চিকিৎসক।

বাগিণী ভৈৰবী। তাল পোস্তা। সেই ত সত্য ঔষধি শাস্ত্রেরি লিখন। যাতে রোগ শান্তি করে বাঁচায় জীবন।। त्म रेवरमाति अधान, यात हिकिएमा विधान, বার্ণি নাশ করি করে আরোগ্য প্রদান--মাত্রস্বেহে করে যেই, রোগীরে যতন। নেই ত ভিষক শ্রেষ্ঠ শাস্ত্রেরি লিখন।। যত চিকিৎসার বিধি, আছে নাশিতে ব্যাধি, এলোপ্যাথি হোমিওপ্যাথি আয়ুর্বেদ আদি---ও যে ব্যাধি নাশিবারে করে সব অধ্যয়ন, চিকিৎসক শিরোমণি সেই মহাজন।। কর্ত্তে রোগ নিবারণ, দিতে রোগীরে জীবন, সকল উপায় করে, যে অবলয়ন-ভিৰক কুলের সেই হয় আভরণ। সেইত ভিষক শ্রেষ্ঠ জ্ঞানীর বচন॥

#### প্রিয় বস্তুর অভাব।

রাগিণী পিলু বারোয়াঁ। তাল ঠুংরি। পতি বিনা সতীর প্রাণ কে কুড়াবে। মন কে ভুলাবে।। **जलधत विना, मांक्र**न भिभामा, চাতকের আর কে মিটাবে ৷৷ আলো বিনা কে, আঁধার হরিবে. জগত শোভা কে. দেখাবে।। সত্য বিনা ধর্মা, কেমনে রহিবে. मशा विदन मीदन, दक वाँ हादव ।। रम्भ हिटें ज्यो. विना ऋरमर्भव, প্রাণ দিয়া মান কে বাডাবে ॥ জ্ঞाন ধন বিনা, জনম জীবন, সফল আর কে, করিবে।। वित्रशिक्षात्रत, वित्रश्च (विष्ना, প্রিয়সঙ্গ বিনা, কে ঘ্চাবে।। যার প্রিয় যে, সে বিনা তাহার, মনের সাধ কে, পুরাবে।।

### কোন কামিনীর উদ্দেশে।

রাগিণী ভৈরবী। তাল আড়া।
আরকি হেরিব সেই নয়ন রঞ্জিনী।
আকলক শশী জিনি চিত বিমোহিনী।।
সরলা নব যুবতী, স্থশীলা লাবণ্যবতী,
মরি কি শান্ত প্রকৃতি, মরাল গামিনী।।

মধু মাখা সরমেরি, ঘোমটা বসনে ঘেরি,
আবরি রেখেছে তারি, মুখসরোজিনী ।।
প্রফুল্ল নয়ন তার, বিমল প্রেম আধার,
বহে তাহে অনিবার, স্থা তরঙ্গিণী।।
প্রসন্ন মুখকমলে, অমিয়সিন্ধু উথলে,
নাহি জানে কোন ছলে, মধুর হাসিনী।।
হায় কেন ইন্দ্রিয়গণ, হলোনা সবে নয়ন,
করিবারে দরশন, সে মনোহারিণী।।
ধন্য সেই বিধাতার, স্থাত হয় ঘাঁহার,
ৰূপ শুণ একাধার, কুমুম কামিনী।।

#### रेट्यिय मध्यम ।

রাগিনী ঝিঁঝিট। তাল কাওয়ালি।
ইন্দ্রিগণ বল মন——
লালন করিলে তব, হবে কি হিত সাধন।।
আণেন্দ্রিয়েরে তুষিতে, মরে অলি নলিনীতে,
লোভে মীন বঁড়সীতে, জীবন করে অর্পণ ।।
প্রিয় দরশন আশ, পতঙ্গেরে করে নাশ,
আলো ভাল বেদে করে, আলিক্ষন হুডাশন।।

ख्यंतर मधुत जान, मृशकूल प्रिस थान, कानत्न व्याप्तत वान, मकात्न इस প्रजन ॥ जन्म कूरक वर्ता, जुलास माज्य मर्ता, मामञ्ज्यात वान थए, कतिनी कात्रन ॥ मास्त्र हे क्रिस तिथू, এक्टिडे नोर्म वथू, मकल श्रवल हर्ता, खंड कि इस कथन ॥ अरत मन मायना, जिलात भाग वस्ता, करत्त मन भागन ॥

## मृजूा।

রাণিণী সিকু। তাল মধ্যমান।
মৃত্যু যবে গ্রাস করিবে।
এদেহেরি অভিমান, কোথায় রহিবে।
তোষ নানা উপহারে, সতত যতনে যারে,
সেই তন্তু রেণু রেণু প্রপঞ্চে মিসিবে॥
সুকুমার কলেবর, বেশ ভূষা মনোহর,
সেই দিন ছার ক্ষার, সকলি হইবে॥
ওরে মন দেহ গর্বা, জীবন যাইবে॥

তুমিরে হৃজিত যাঁর, মজ মন প্রেমে তাঁর, মরণ ভয় তোমার, আর না রহিবে॥

#### পরকাল।

রাগিণী ভৈরবী। তাল আড়া।
অপার স্নেহে নির্মাণ, জননী অন্তর।
করিল যে নহে কি তার, স্নেহেরি অন্তর।
পালিতে নিজ সন্থানে, শিথায় যে জীবগণে,
দে কি নিজ সন্থানে, করে অনাদর।।
হয় হত দের।।

থাকিতে চিরকল্যাণী, প্রকৃতি বিশ্বজননী, কুরাইব কি অমনি, মরণেরি পর। মরণেরি পর।।

নিত্য সুথেরি আশা, চির উন্নতি লালসা, দিয়ে কাড়ি লবে কি সে, কিছু দিন পর। ছুটে। দিন পর॥

এত যে জ্ঞান পিপাসা, ধরম ভরসা আশা, হবে কি সব ফরসা, ইহকাল পর। জীবনেরি পর।। এমন কভু কি হয়, মনেতে নাহিক লয়, হয়েছে বিশ্ব উদয়, বিনা কারিকর। বিনা কারিকর।

মরণে আয়ার নাশ, হয় কি কভু বিশাস, যথন নাহিক নাশ, জড় পদার্থের। সকলি অ্মর।।

পুণ্য মানে পরকাল, ভাবে তায় সুখেরি কাল, পাপ তাহে জঞ্জাল, ভাবি করে ডর । ব্যাকুল অন্তর ।।

জীবেরি দেখি উন্নতি, নীচ হতে উচ্চে গতি, গুটি পোকা প্রজাপতি, হয় কি সুন্দর। মরি কি স্থন্দর॥

আছে উন্নতি সোপান, হয় হেন অনুমান, যাহে মন ধাবমান, হবে এর পর। হলে দেহান্তর॥

#### ক্তজ্ঞতা।

রাগিণী ঝিঁঝিট । তাল আড়া। যতন করিয়ে মন, মজ প্রেমে তাঁরি। সকল সুখ বিধান, যে জন করে তোমারি।। অঁথির সুথ সাধনে, বিচিত্র নানা বরণে,
অন্ধুত জগত ছবি চিত্রিত যাঁহারি ।।
পরিমল ফুলদলে, স্থজিত যাঁর কৌশলে,
আঘাণে অতুল সুখ হয় নাসিকারি ॥
ফল মূল অগণন, নানারস আস্বাদন,
রসনা তোষণে হয় কল্পনা যাঁহারি ॥
শ্রবণ মোহন কর, স্ঞাল যে সপ্তস্থর,
বিহঙ্গ আর কোমল কামিনীকণ্ঠেরি॥

### ভগবৎ মহিমা।

রাগিণী মুলতানী। তাল চৌতাল প্রপদ।
বিনাশ জন্ম রহিত, একই কেবল,
বিশ্বরাজ্যে তুমি অধিপতি, ব্যাপী সংসার ।।
চন্দ্র স্থ্যি যত তারাদল, পৃথিণী আদি জগত সকল,
তব বিধি করে পালন—
করিতে লজ্ঞন তব নিয়ম, সাধ্য আছে কার?
মাতৃত্বেহে দয়মেয়, পালহে জীব নিচয়,
অপার মহিমা তব, কে গাইতে পারে?—
ক্মা সুধা বিতরণে, তার্হে পতিত জনে,
রূপাসাগর প্রভু, নিতা সতা সার।

## तुकानमञ्जाञ्ज रयागीत विषयानम जूष्ट् ।

ताणिणी (वहाण । जान जाणा।

मिकित्स विषय मिल, जारमा जान जाणा।

प्रवर्ग किल जारत, जाकन वकान।।

जाकि निज्य स्थाकत, विषय मिल जामत,
स्था ताणि जाकि कत, गतन क्लाकन।।

खनत हिज वहन, जाक क्वामना मन,
मकत (अरमाट मिहे, अम जाकत —

हे जिस मिला जानित्म, जुष्क हत जानित्म,
हे जिस हे जिस जारी गरी, याहात तहन।।

स्नीत क्रमिष जिरी, थाकित्स जात निकरि,
क्रम अराधिकान, हस जात निवातन,
भत्रमण क्या निवात, जात निवातन,
भत्रमण क्या नीत्त, जात विवातन,

## অনুতাপ ৷

রাগিণী ভৈরবী। তাল চৌতাল ধ্রুপদ। পালন না করিয়ে, তোমারি সুনিয়ম সকলি, পদে পদে করি ভোগ, রোগ দণ্ড বিষম শাসন।। হতে বালক কাল পূর্ণ, যৌবন প্রকাপ বাজিল,
মন পুর অন্ধকার করিল, ছুই কুমতি আসিয়ে।।
লজ্জা ধর্ম জ্ঞান আলো, গ্রাসিল মদন রাছ,
কোধ হরিল বিচার——
লোভ দম্ভ রিপুদল, জালিল পাপেরি অনল,
তাহে ক্ষোভ বায়ু সহায়ে,সদা মনেরে করিছে দাহন।।
কাতর হয়ে তব চরণে, করিগো মিনতি এই,
কর মা অধ্যে ক্ষমা——
জ্ঞান সুমতি পুণ্য র্জি, ক্লপাক্রি দীপ্তি কর মা,
দেহি সত্যে দৃঢ় ভক্তি, ওমা প্রকৃতি জগত প্রস্থৃতি।।

## প্রার্থনা ৷

রাগিণী কালেংড়া। তাল আড়া।
পুরাও বাসনা এই করুণা নিধান।
যেন কুবাসনা মম হয় অবসান।।
কুমতির বশীভূত, হইয়ে অবোধ চিত,
নাহি মানে হিতাহিত, পাপে হয় ধাবমান।।
তব পদে অপরাধী হইতেছি নিরবধি,
কিসে হবে কুপানিধি, অধ্যেরি পরিত্রাণ।।

#### ভগবৎ চিন্তা।

রাগিণী ভৈরবী। তাল আড়া।

ধ্যান কর হৃদাকাশে প্রমাত্মধন।

চরিতার্থ হবে হবে সফল জীবন।

যাঁর নাহি ফ্রোদ্য়, কেবল আনন্দময়,

এক মাত্র সর্বাশ্রয় নিত্য নিরঞ্জন।

রবি শশী অগণন, যাঁর অদ্ভুত রচন,
জ্যোতির জ্যোতি যে জন, অতীত চিন্তন।

চির সর্বা শক্তিমান, চির ব্যাপী সর্বাহ্বান,
বাহ্যান্তর সর্বাজান, বিশ্বেরি যে জন।

জ্ঞানালোক দীপ্তকর, পাপ তাপ ভ্রম হর,

যিনি নিত্য স্থোকর, পতিত পাবন ।

### সতর্কতা।

রাগিণী রামকেলী। তাল কাওয়ালী। ওরে আর না মঞ্জিও চিতরে। ওরে বিষয় আমোদে—— যাইছে জীবন অবিরত, প্রমায় হরে কাল রে।। সফল রে কর জীবন যতনে,
সঞ্চয় করিয়ে জ্ঞান পুণ্য ধনে,
শেষ নিকটে এলোরে।।
ত্যজিয়েরে পর অহিত বাসনা,
সত্যেরি প্রেমেরি কররে সাধনা,
করুণা কর জীবেরে 11

#### ভগৰৎ স্তোত্ৰ।

রাগিণী ভৈরবী। তাল বাঁপতাল।
জগদীশ নিরঞ্জন নিখিল বিশ্ব আত্মন,
জগত কারণ, জ্যোতির্ময় প্রভু জগপতে।।
ওহে অনস্ত জগত পালন লয় হজন বিধাত,——
করুণাময়, রূপা করি জ্ঞান আলোক দেহি দেবকে॥
ওহে রূপাল, সকল জীবগণের মনোরথ নিত্য,——
পুরাও প্রভু, দেহি দৃঢ় প্রেম সতত তব চরণে।।

#### ঈশ্বরের ধ্যান।

রাগিণী কেদারী । তাল আড়া। হৃদয় মন্দিরে তাঁরে ধ্যান কর মন। অনাদি অনস্ত কাল, হয় যাহার আসন। অনন্ত আকিশিময়, সতত জাজ্জ্বলা রয়,
অপার মহিমা যাঁর, অন্তুত বিশ্ব রচন।।
তিমির মিহির দ্বয়, বাহাতে উদ্ভব হয়,
প্রকৃতি পুরুষাকারে, স্থজন করে যে জন।।
অসংখ্য সৌর জগতে, গাঁথি আকর্ষণ স্থতে,
রতন ভূষণ প্রায়, অঙ্গে যে করে ধারণ।।
করেতে ভূষণ যার, নিত্য শোভে স্থবিচার,
ক্ষমা শান্তি পুরস্কার, বিশ্ব শাসন কারণ।।
যিনি জ্ঞান সত্যময়, অপার করুণাময়,
পতিত পাবনে যাঁর, সদা নিপুণ চরণ।।

#### देवज्ञाभा।

রাগিণী পরোজ। তাল আঁপিতাল।
আর মন কেন রঙ্গ কর লয়ে সংসার।।
দেহ দিন দিন, হইতেছে ক্ষীণ,
ইন্দ্রিয় স্থথ আশা ভঙ্গে, ক্ষোভ পাও অপার।।
এখন ভাব র্থা জনম যায়,হরে সময় কুসঙ্গে——
মমতা নাশ, ত্যজ পাপবাসনা,
অনন্ত আলার প্রসঙ্গে, মজ মন সত্তর !।

#### শ্যামা বিষয়।

त्राणिशी शिव् वादताशँ।। जान कूरित ।
शिक्कशांवनी वितन कि शिक्किः जातिक ।
क्षिमक्षती विदन, शित अश्वताधीदत, जातक काभित्त ॥
महामशी विदन, कि कक्षण नहदन, शिदनत शादन किविद ।
कानी विदनक, क्षित्र शृशं अन्तरत, मन्नामित ।
विद्यश्वती विदन, जात कि विद्यति, कन्नाण माधिद्व ।
जातश्रम विदन, मनामित क्ष्मित, आत कि भाजिद्व ॥

#### শিবের ধ্যান।

রাগ ভৈরব। তাল কাওয়ালী। রজত পর্বাত অভো বিনিন্দিত, অঙুত স্বেত কলেবর। কিবা অদুত প্রশাস্ত কলেবর।।

বাস বাঘায়র ত্রিশূল ডমরুকর, গঙ্গাধের বিশেশর। হর গঙ্গাধের বিশেশর।

ভ্রমর জিনিয়ে কালে। জটাজুট,যামিনী জড়িত যেন দিবাকর। প্রভাকর জিনি প্রভা,বদনেরি লাগি আভা,মলিন ললাটে শশধর। হয় মলিন ললাটে শশধর।। ভাবুক অন্তর ৰূপ মনোহর রম্য কৈলাসপুরে বিরাজে হর— জিনিকোটি গোদামিনী,বিরাজে বিশ্বজননী,শঙ্কর বাম উরুপর। হর শঙ্কর বাম উরুপর।।

# বাসনা নদী পার।

ময়ুর পঞ্জীর সুর। তাল থেম্ট।। যায় মারা বাসন। জলে, মন্ তরি আমার। ভব কাণ্ডারি হে কর পার ৷৷ হে লোভ মেঘে, কুমতি ঝড়, ছইয়ে সঞ্চার, প্রবল ইন্দ্রিয় ঢেউ করিছে বিস্তার। তাহে তরি টলে বারে বার॥ হে স্বাৰ্গ ৰূপ, পাষাণ চড়াতে, খাইয়ে আছাড়, বাড়ে বাড়ে ছেড়ে গেলো নৌকারি মাঝার। জল উঠে ছিক্র দিয়ে তার।। ८इ अक्रिल विष्ठात शल, हिंद्फु रेथर्याभात. পাপৰপ পাকনা কলে ঘুরায় অনিবার। তাহে ভগ্ন তরি বাঁচা ভার ।। হে শোচনা কুন্তীর ক্ষোভ হাঙ্গর আকার, ধরি তরী অঙ্গ তারা করিছে আহার। হই সারা তাহে একে বার ।।

হে করুণা বাতাসে নাথ করহে উদ্ধার, ক্ষমাকুল দেও প্রভু চরণে ভোমার। ভব কাণ্ডারি হে কর পার।।

#### জগতের ভালোবাসা।

রাগিণী কালেংড়া। তাল থেম্টা।

যদি চাস মন জগতের ভালোবাসা পেতে।

খুলেদেরে প্রেমদার জগত মাঝেতে।।

বিতরি প্রেম রতন, শাক্য গ্লীশু চৈতন্য।

দেবতা বলিয়ে গণ্য, হলো ভূতলেতে।।

পর্শিলে পরশ মণি, লোহা সোণা হয় অমনি,
প্রবাদ বচন শুনি, লোকেরি মুখেতে—

প্রেম মণি হয় তার, প্রশেছে একবার,
ক্রপের কি হয় তার, তুলনা চাঁদেতে।।

#### সংসার বিরক্তি।

রাগিণী মুলতানী। তাল আড়া। বিষয় বিষ সলিল পিয়েরে চাতক চিত। সংসার জলধি ডটে বনে আর থাক কত।। এত যে করি যতন, বিষয় বারি কর পান,
আশা ত্যা নিবারণ, তবুত নহে কিঞ্চিত।।
লাভেতে দেখি কেবল, ইন্দ্রিয় রোগ বাড়িল,
তাহে আবার কোভানল, দহে তোমায় অবিরত।।
ছাড়রে বিষয় আশে, উড়রে জ্ঞান আকাশে,
পরমেশ প্রেমনীর, পানেতে হওরে রত।।

## मिन योश।

রাগিণী পুরীয়া। তাল জলদ এক তাল।।
মন দিন্ত অন্ত হয়। (বয়ে যায়)
ভাব একবার, কিৰূপে হবে পার——
ভবের বারি, কুল নাই যারি,ভীষণ ভীষণ সমুদ্র সমান,
তাহে আবার ভয়ন্ধর মৃত্যুৰূপা ঘোর রজনী,
ঢাকিয়াছে তায়।।
আসিছে ঐ নিকটে দেখনা কাল, ভোমারি,——
ভবে ভ্রান্ত চিত, চিন্ত, তার উপায়।।

#### পথের সম্বল।

রাগিণী ইমন কল্যাণ। তাল আড়া। বারেক ভাব মন, তাঁরে করিয়া যতন। স্ফি স্থিতি লয় করে, পলকে যে জন। বিষয় সুখ সম্ভোগে, নিজা যাও নিরুদ্বেগে,
কুমতি বশেতে সদা, কররে ভ্রমণ ।।
জীবন যৌবন ধন, হরে কাল প্রতিক্ষণ,
দেখরে দেখরে মন, মেলিয়ে নয়ন ।।
তরিতে ভবেরি জল, করিলে কি সম্বল,
কিবলে জিনিবে বল, জুরন্ত শমন ।।

#### বিজয়া। মেনকার উক্তি।

রাগিণী ললিত। তাল আড়া।
কেমনে ধরিব প্রাণ, পোহালে নবমী নিশি।
নিশ্চয় আসিয়ে শিব, লয়ে যাবে উমাশশী।।
উমা মুখ শশধরে, হেরে নয়ন চকোরে,
শীতল করেছি মোর তাপিত পরাণ——
বিদায় দিব কেমনে, প্রাণাধিকা উমাধনে,
যার অদর্শনে হেরি, জগত আঁধার রাশি।।
শঙ্করীর আগমনে, উৎসব গিরি ভবনে,
উল্লাসিত সর্বজনে, আনন্দে মগন——
হায় কি কপাল মন্দ, এ আনন্দে নিরানন্দ,
হরিবে সে সুখচন্দ্র, প্রভাতে বিজয়া আসি।।

অপত্য স্নেহে কাতর, করে জননী অন্তর, যে জন করে জীবেরে, লালন পালন——
দৃঢ় ভক্তি সহকারে, মাতৃভাবে ভাবি তাঁরে,
তাঁর প্রেম স্কুধাপানে, মুদ্ধ মন দিবা নিশি।

3

হাক্ আকড়াই কবির স্থর।

ছাড়ি প্ৰণাধিকা উমা ধনে, জীৰনে কেমনে— আর ধরিব বলে কাঁদে বিনাইয়ে মেনকা গিরি ভবনে। यि यादि शीति, कोल हाष्ट्रि मादिति, প্রাণ উমাগো, কৈলাস পুরি;---আংগে লয়ে যাও বধে মায়, প্রাণ পুতুলিকায়, रेनटल वल् किएम शोमा প्रान धति। তুমিত জননী মন জান মা----मा रुद्य माद्यति मदन, याजना निदद क्मदन, জগত জননী তুমি প্রাণ উমা----আমি কেমনে মা তোরে দিব বিদায়। এক বার আয় মা উমা কোলে আয় ।। জননী অন্তরে, স্নেহ সঞ্চার করে, ভূমি গো মা, পাল এসংসারে---**এटक टेमनोटकंत्र भोकानन मार्वानटन**, জলে প্রাণ সে অনলে, প্রাণ উমা গো---

#### আবার তোমারি বিচ্ছেদে প্রাণ বাহিরায়। একবার আয় মা উমা কোলে আয়।।

## ৺দারকানাথ মিত্রের শোকে বঙ্গভূমির বিলাপ।

রাগিণী মূলতানী। তাল আড়া। বিনায়ে বঙ্গজননী কাঁদিছে কাতর স্বরে। দারকানাথেরি শোকে, ব্যাকুল হয়ে অন্তরে ॥ क्तिरात्र निर्फाय भगन, वांश्लात शोत्रव उपन, অকালে ঢাকিলি আসি, মৃত্যু মেঘাচ্ছন্ন করে 11 হায়! কে আর তেমন করি, বিচার আসনোপরি, বসিবে উজ্জ্বল করি, সত্যোরি সন্ধানে—— নির্ভয়ে তেমন আর, কে করিবে সুবিচার, মাপিয়ে সত্ত্যরি ভার, ন্যায়ত্লা ধরি করে।। হায়! मोहाम्। উদার श्रुटन, जामदर्तात मञ्जायदन, কে আর বান্ধবগণে তুষিবে তেমনি— ज्यानित्य तुष्कित यातना, प्रत्मिति पूर्थ छेड्डन, কে আর তেমন বল, করিবে বঙ্গ ভিতরে ।। (आर्यामर्भन इडेटड डेक्ड)

# ব্রিটেনির প্রতি ভারত ভূমির উক্তি।

রাগিণী কালেংড়া। তাল আড়া। ছিলো গো ব্রিটেনি আমার সেকালে এক দিন। ভেবোনা হেরে আমায় চির এমনি হীন----প্রাচীনা হয়েছি এবে, শোকে হয়েছি মলিন। তোমারি শৈশব কাল উনয়েরি আগে, ৰূপে আলে। করেছিলাম ধরা পূর্ব্বভাগে—— সে ৰূপ সৌন্দৰ্য্য রাশি, দেখিত সকলে আসি, মিষর গ্রীরিদ বাদী, স্থসভ্য প্রচৌন॥ ছিলেজো সহান মোর, সবে মহাজন, কবি বীর চূড়ামণি, জ্ঞানী সাধ্যণ—— সৌভাগ্য স্থুখ আগার, নানা রতন ভাওার, ছিলেম্ গো মহীমাঝার, হইয়ে স্থীন ॥ সৌভাগ্য তপন যবে গেল অস্তাচল, গৃহ বিবাদ রোগেতে হলেম্ গো ছর্বল---আাসিল সুযোগ পেয়ে, নিষ্ঠুর যবন থেয়ে, लहेल मत लूपिटा, क्रिल केशीन ॥ धना (ता जिटिन जूमि खननी मासात, যবন পীড়ন জাগা নিভাগে আমার----

বাড়ো যশে পুণ্যে জ্ঞানে, ধনে রণে স্থথে মানে, চাহি এ অধিনী পানে, দিও গো সুদিন।। (আর্যাদর্শন হইতে উদ্ধৃত।)

#### জीवनयां वा वांभवां जि।

রামপ্রসাদী সুর। তাল একতালা।
ভবের বাঁশ বাজি করে।
ও মন সাবধানেতে, যাওরে তরে।।
পরমায়ু দড়ির উপর, পা ফেলরে ধীরে ধীরে,
কর অঙ্গ চালন, লোক ব্যবহার, বিচার বাঁশেটা করে ধরে।।
কর্ত্তব্য কর্মোতে নাচ, উৎসাহেতে বারে বারে,
যেন মাধার কল্সী ওরে ও মন——
যেন ধর্মা কলস যায়না পড়ে, পাপ পিছলে পা টা সরে।।
আত্মারামের দোহাই দিয়ে, বাজি কর মুরে ফিরে,
ও মন এড়াবি মরণ ভয়ে, তেলিক লাগ্রে শ্মনেরে।।

